

সহকারী রেজিস্ট্রারের আইনি নোটিশ
কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধে
গাড়ি ক্রয়ে অনিয়মের অভিযোগ

কুমিল্লা (দ.) প্রতিনিধি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. গোলাম হাওলার বিরুদ্ধে গাড়ি ক্রয়ে সরকারি ব্যয়ের ৩০ লাখ টাকা অনিয়মের অভিযোগ এন লিগ্যাল নোটিশ প্রদান করেছেন একই বিশ্ববিদ্যালয়ের সহকারী রেজিস্ট্রার মোঃ মফিজুল ইসলাম। অপরদিকে গাড়ি ক্রয়ের শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ উপেক্ষা করায় মন্ত্রণালয় উপাচার্যের কাছে ব্যাখ্যা চেয়েছে। নোটিশে অভিযোগ করা হয়, ১টি করে, শিক্ষক ও কর্মকর্তাদের জন্য ১টি নাইক্রোবাস ক্রয়ের ৩০ লাখ টাকা অনিয়ম করেছেন উপাচার্য। গাড়ি ক্রয়ের ক্ষেত্রে অর্থ ও শিক্ষা মন্ত্রণালয়ের আদেশ, ক্রয়ের সুস্পষ্ট নির্দেশনা ও বিধিবিধান উপেক্ষা করা হয়। শিক্ষক ও কর্মকর্তাদের জন্য নাইক্রোবাস ক্রয় করা হয়নি। বরাদ্দের ১৫ লাখ টাকাও সংশ্লিষ্ট তহবিলে ছয়া নেই। নোটিশে বলা হয়, গাড়ি ক্রয়ে সরকারি নির্দেশনা ভঙ্গের কারণে উপাচার্য প্রফেসর ড. গোলাম হাওলা ফৌজদারি অপরাধ সংঘটিত করেছেন। কুমিল্লা বারের সদস্য আডভোকেট মোঃ জামাল উদ্দিন ডাঃ সহকারী রেজিস্ট্রারের পক্ষে উপাচার্যকে লিগ্যাল নোটিশ প্রেরণ করেন। তিনি জানিয়েছেন, মোববার উপাচার্যকে ডাকযোগে লিগ্যাল নোটিশ প্রেরণ করা হয়েছে। গাড়ি ক্রয়ে ৩০ লাখ টাকা অনিয়মের অভিযোগ উপস্থাপনের পরিপ্রেক্ষিতে উপাচার্যের ব্যক্তিগত জবাব অগম্যী ৭ কর্মদিবসের মধ্যে আইনজীবীর মাধ্যমে সহকারী রেজিস্ট্রারকে জানানোর জন্য উপাচার্যকে অনুরোধ করা হয়েছে। অন্যথায় আইনগত ব্যবস্থা নেয়া হবে বলে নোটিশে বলা হয়। এদিকে গাড়ি ক্রয় অনিয়মের ব্যাপারে

শিক্ষা মন্ত্রণালয় উপাচার্যের কাছে ব্যাখ্যা চেয়েছে। মন্ত্রণালয়ের উপস্থিতি স্বাক্ষরিত এক পত্রে বলা হয়, মন্ত্রণালয়ের নির্দেশ উপেক্ষা করে কুমিল্লা বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের শিপিঙে ত্বরান্বিত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করে পাঠ্যের গাড়ি ক্রয় করার বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। বিশ্ববিদ্যালয়, সূত্রে জানা গেছে, উপাচার্য প্রদ্যাবদি মন্ত্রণালয়ের চিঠির ব্যাখ্যা দেননি।